# গেম ওভার

--- কিশোর মজুমদার

একটা  ক্লিক দিতেই
নেমে  আসে একটা লোডিং স্ক্রিন,
কিছু সেকেন্ড অপেক্ষার পর...
পিক্সেলের ভেতরে ডুবে যায় মন ।
ছোট্ট অর্ণব তুমি হাতে মোবাইল,
লেভেল ওয়ান পেরিয়েছে কালই,
আজ মিশন টু – "দ্যা ফায়ার রেস",
চোখে ঘুম নেই, স্কোরের পেছনে দিয়েছো দৌড়।

"XP বাড়াতে হবে", শোভাঙ্গী  বলে,
"হেলথ কমে গেলে তো মরেই যাব",
মা ডাকছে – "খাবি না ?"
সে বলে, "একটু দ্যাখো, জাস্ট এক্সট্রা লাইফ নিই।"
ছুটির দুপুরও পার হয় গেমে
বিকেলের বন্ধুরা মাঠে নেমে যায়,
তোমার মতো বাসায় বসে ,
PUBG-র জোনে যারা ,
সামনে শত্রু , হাতে গ্রেনেড শানায়।

পাশে দাদা ফ্রি ফায়ার,
ডুয়ো স্কোয়াডে ব্যস্ত দু'জন
"কভার দে!", "হিল কর!"
এই ভাষা এই মন্ত্র তাদেরও এখন ।

"গেম ওভার" মানে জীবনের থেমে যাওয়া নয়,
বরং নতুন করে শুরু,
"রিস্টার্ট", "নেক্সট ট্রাই",
এই বিশ্বাসে বাঁচতে চায় ওরাও।
হোমওয়ার্কের খাতায় ধুলো জমে,
নতুন আপডেট আসছে বলে,
নোটিফিকেশন দেখে
চোখে বড় বড় পপ ,
"নতুন স্কিন – ৫০% অফ!"

বাবা বলে, "চোখ নষ্ট হবে",
মা বলে, "মন পড়ার দিকে আন",
অর্ণব তোমার  চোখে ভার্চুয়াল ওয়ার্ল্ড।
একটা গেম শেষ, আরেকটা শুরু,
রাত বারোটায়ও "লাস্ট ম্যাচ, প্রমিস",
কিন্তু ঘুম আর আসে না,
মন পড়ে থাকে ড্রাগনের ক্যাসেলে
সেই Castle Crush, Candy Crush,
Clash of Clans আর Minecraft,

গেমের দুনিয়া বিশাল, রঙিন,

আর সব যেন কোথাও ফিকে।

বন্ধু মানে এখন “গিল্ড মেম্বার”,
চ্যাট মানে ডিসকর্ড সার্ভার,
আর খেলাধুলা ? তাই না অর্ণব ?
ওটা তো “রিয়েল লাইফ কন্টেন্ট”, একটু বিরক্তিকর।

বই পড়া মানে “লো XP জোন”,
স্কুল মানে “হাই রিস্ক এরিয়া”,
আর প্রেয়ার টাইম মানে “সার্ভার ডাউন”,
খেলাধুলা মানেই “ল্যাগ হচ্ছে।”
এভাবে দিনের পর দিন চলে,
নিয়মিত রিডিম কোড আসে,
খুব কাছে স্ক্রিন ঝাপসা কেমন
অর্ণব তোমার চোখে ওঠে চশমা ,
তবু গেম … তবু গেম ……তবু গেম
হার মানা যাবে না।

অর্ণব , পিক্সেলের মধ্যে কী জীবন ?
ছোট ছোট চোখে লুকানো ক্লান্তি,
আঙুলের নখে লেগে থাকে গেম ,
মন কোনো ডিজিটাল ম্যাপে।

অনেক তো হলো মিথপ্যাট , ক্যারিমিনাটি ,
জোনাথন , মর্টাল , টেকনো গেমার্জ
অনেক অনেক অনেক তো হলো
চেচিয়ে স্ট্রিমিং লাইভ
ওঠো জাগো গ্লোবাল ম্যাপে এবার
রাখো তোমার জুতো-পরা পা ,
রিয়েল গেম হলো জীবনের ম্যাপে
তোমার পায়ের কোনো ছাপ রাখা।

তাই বলি অর্ণব
গেম শুধু খেলা নয় , খেলা নয় শুধু
গেমার নয় – হয়ে দেখাও ডেভেলপার
জেনে নাও বুঝে নাও মডার্ন টেক , এ আই
শিখে নাও শিল্পের কলা –
ভেবে করো আকাশ পারি পার
কল্পনার কোনো কবির মতোই

দেখে নিও ভার্চুয়াল জগত তোমার
সত্যিকারের ফ্যানটাসি হবে –
হবে তোমার আর তোমাদের ফাইনাল ভিকট্রি সেদিন ।

গেম মানে খেলা বা জীবন নয়।
লেভেল, XP, স্কোর – সব থাক আনন্দের জোনে।

মাটি, আকাশ আর মন
বাবা মা পরিজন সাফল্য-ব্যর্থতা রিয়েল লাইফ ।
সবাই তোমার জন্য অপেক্ষায়
সত্যিকারের আপনার জোন ।